

# সূত্র

প্রিন্ট: ১৪ অক্টোবর ২০২৫, ১১:৪২ এএম

শিক্ষাঙ্গন

রাকসু নির্বাচন

৮০০ প্যাকেট খাবার নিয়ে হলে ঢোকান চেঁচা  
শিবিরের, অতঃপর..



রাজশাহী ব্যুরো

প্রকাশ: ১৪ অক্টোবর ২০২৫, ১০:১৯ এএম



আনা ৮০০ প্যাকেট খাবার আটকে দিয়েছে নির্বাচন কমিশন ও হল প্রশাসন।

সোমবার (১৩ অক্টোবর) রাতে বেগম খালেদা জিয়া ও মনুজান হলে এ ঘটনা ঘটে।

কমিশন ও হল প্রশাসন সূত্রে জানা গেছে, সোমবার (১৩ অক্টোবর) রাতে সম্মিলিত শিক্ষার্থী ঐক্যজোট প্রার্থী পরিচিতি সভার আয়োজন করে। সভার জন্য শিবির নেতারা বাইরে থেকে কয়েকশ চেয়ার ভাড়া আনেন। তবে হল প্রশাসন এতে আপত্তি জানিয়ে বলেছে, হলের ভেতরের চেয়ার-টেবিল দিয়েই অনুষ্ঠান করতে হবে। পরে রাত আটটার দিকে শিবির-সমর্থিত প্যানেলের প্রার্থীরা শিক্ষার্থীদের জন্য ৮০০ প্যাকেট খাবার নিয়ে হলে প্রবেশের চেষ্টা করেন।

### ভোটের দিন 'ইমার্জেন্সি রেসপন্স টিম' চায় শিবির

এ সময় নির্বাচন কমিশনের সদস্য অধ্যাপক মোস্তফা কামাল আকন্দসহ কমিশন ও হল প্রশাসনের প্রতিনিধিরা সেখানে উপস্থিত হয়ে খাবারগুলো আটকে দেন। পরে পাঁচ বস্তা খাবার ফেরত পাঠানো হয়। জানা গেছে, এসব প্যাকেটে সিঙ্গাড়া, চপ, চকলেট, ফল ও মিষ্টি ছিল।

ঘটনার পর শিবির-সমর্থিত প্রার্থীরা প্রধান নির্বাচন কমিশনারের (পিইসি) কার্যালয়ে গিয়ে প্রতিবাদ জানান। তারা অভিযোগ করেন, কমিশন ও হল প্রশাসন বৈষম্যমূলক আচরণ করছে।

রাবি শিবির শাখার সাধারণ সম্পাদক ও প্যানেলের প্রার্থী মুজাহিদ ফয়সাল বলেন, আমাদের প্যানেল কোনো আচরণবিধি ভঙ্গ করেনি। কিন্তু ছাত্রদল-সমর্থিত প্যানেল বারবার ক্লাসরুমে গিয়ে প্রচারণা চালাচ্ছে, তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হচ্ছে না। অথচ আমাদের খাবার বিতরণ করতে দেওয়া হয়নি, বাইরে থেকে আনা চেয়ারও আটকে দেওয়া হয়েছে। এটি পরিষ্কার পক্ষপাতমূলক আচরণ।

### কক্ষে আটকে রেখে র‍্যাগিং, জাবির ১৬ শিক্ষার্থী বহিষ্কার

বাঁভন্ন প্যানেলের প্রার্থীদের কাছ থেকে। যাদের টাকা আছে তারা শিক্ষার্থীদের খাবার দিচ্ছে কিন্তু স্বতন্ত্র প্রার্থীদের তো টাকা নেই। তারা এক্ষেত্রে বৈষম্যের শিকার হচ্ছেন। আমরা চাই, সবার জন্য সমান সুযোগ থাকুক এবং নির্বাচনের আচরণবিধি সকলেই মেনে চলুক। হলে হলে প্রজেকশনের নামে শিক্ষার্থীদের মাঝে খাবার ও উপহার বিতরণের অভিযোগ আসছে জোটবদ্ধ কয়েকটি প্যানেলের প্রার্থীদের বিরুদ্ধে। আইন সবার জন্য সমান।

তিনি আরও বলেন, খালেদা জিয়া হল পরিদর্শনের সময় দেখি, এক শিক্ষার্থী ৮০০ প্যাকেট খাবার নিয়ে দাঁড়িয়ে আছে। জিজ্ঞেস করলে সে জানায়, এখানে সম্মিলিত ছাত্র জোটের একটি পরিচিতি সভা হচ্ছে, সেই উপলক্ষে খাবার আনা হয়েছে বাইরে থেকে। তখন আমি নির্দেশ দিই, খাবারগুলো ফেরত নিতে।